



## ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল: ১৪-২১)

৮ রাজউক এডিনিউ, মতিঝিল, ঢাকা।

www.icb.gov.bd

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

স্মারক নং-৫৩.১৩.০০০০.০০৯.১৭.০০২.২৬/৩৭৬

তারিখ: ০১.০৫.২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি)-এর জন্য নিয়োক্ত শর্তে ০১ (এক) জন **খণ্ডকালীন মেডিকেল রিটেইনার (পুরুষ)** নিয়োগের জন্য পুরুষ প্রার্থীগণের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্রম.	পদের নাম	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	মেডিকেল রিটেইনার	সর্বোচ্চ ৬২ বছর	ক) চিকিৎসা কাজে কমপক্ষে ০৭ বছরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) কর্তৃক স্বীকৃত মেডিকেল কলেজ হতে ন্যূনতম এমবিবিএস ডিগ্রীধারী হতে হবে। মেডিসিন বিষয়ে এফসিপিএস/এমআরসিপি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। এছাড়া, অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে অভিজ্ঞতার শর্ত শিথিলযোগ্য; এবং খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন সনদ থাকতে হবে।

### শর্তসমূহ:

০১)	ক. মাসিক রিটেইনার ফি ৪৫,০০০ (পঁয়তাল্লিশ হাজার) টাকা; মাসিক রিটেইনার ফি'র ৫০% হারে দুই ঈদে উৎসব বোনাস এবং মাসিক রিটেইনার ফি'র ২০% হারে পহেলা বৈশাখ উপলক্ষে নববর্ষ ভাতা প্রদান করা হবে; খ. সপ্তাহের প্রতি কার্যদিবসে দুপুর ০২:০০ ঘটিকা হতে সন্ধ্যা ০৬:০০ ঘটিকা পর্যন্ত নির্ধারিত কার্যালয়ে উপস্থিত থেকে চিকিৎসা সেবা প্রদান করতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না; গ. প্রয়োজনে কর্মচারীবৃন্দ এবং তাঁদের পরিবারের সদস্যগণকে মেডিকেল রিটেইনার তাঁর ব্যক্তিগত চেয়ারে চিকিৎসা সেবা প্রদান করবেন এবং এ বাবদ প্রতি ভিজিটের জন্য তিনি ২৫০.০০ টাকা ফি প্রাপ্য হবেন; ঘ. প্রতি পঞ্জিকাবর্ষে সর্বোচ্চ ১০ (দশ) দিনের নৈমিত্তিক ছুটি ভোগ করতে পারবেন; ঙ. নিয়োগের মেয়াদ ০১ (এক) বছর যা শেষ হওয়ার পর নবায়নযোগ্য; এবং চ. রিটেইনারশীপ উভয়পক্ষের ০১ (এক) মাসের নোটিশে বাতিল করা যাবে।
০২)	আগ্রহী পুরুষ প্রার্থীগণকে পূর্ণ জীবন বৃত্তান্তসহ আবেদনপত্রের সাথে ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের কপি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন সনদসহ সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি এবং আনুষঙ্গিক কাগজপত্র আগামী ১১.০৬.২০২৬ তারিখের মধ্যে <b>উপ-মহাব্যবস্থাপক, অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল#১৪), ৮, রাজউক এডিনিউ, ঢাকা-১০০০</b> বরাবর ডাকযোগে/কুরিয়ার/সরাসরি জমা প্রদান করার জন্য অনুরোধ জানানো হলো।

(আব্দুল্লাহ আল মামুন)

উপ-মহাব্যবস্থাপক

অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন

ফোন: ০২৪১০৫৪৬০২

০৯৬৬৬৭৭৭৭৭৮ এক্স. ১৪১৩